

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.barisal.gov.bd

নম্বর: ০৫.১০.০৬০০.১১০.৩২.০০৩.২৩.৫৯৮


তারিখ: ০৬ পৌষ ১৪৩০
২১ ডিসেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক শাখা-৪ এর ২১-১২-২০২৩ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১.৬৩২ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন এর নির্দেশনা মোতাবেক আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্ত The Arms Act, 1878 (Act XI of 1878) এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে ০৯ জানুয়ারি ২০২৪ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্র বহন ও প্রদর্শন করার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

২। নির্বাচনী কাজে আইন-শৃঙ্খলা রক্ষার সাথে সম্পৃক্ত সকল বাহিনীর সদস্য ও বিভিন্ন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান এবং স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

৩। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


(শহিদুল ইসলাম)
জেলা ম্যাজিস্ট্রেট
বরিশাল

ফোন: ০২৪৭৮৮৬৪২৫৯

ইমেইল: dcbarishal@mopa.gov.bd

বিতরণ: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল
৪. পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল
৫. অধিনায়ক, র‍্যাভ-৮, বরিশাল
৬. পুলিশ সুপার, বরিশাল
৭. পুলিশ সুপার, নৌপুলিশ, বরিশাল।
৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বরিশাল
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বরিশাল
১০. উপজেলা নির্বাহী অফিসার(সকল)....., বরিশাল
১১. অফিসার ইন চার্জ(সকল থানা)....., বরিশাল
১২. অফিস কপি।